

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (OSS) ব্যবহার সংক্রান্ত

## গণবিজ্ঞপ্তি

### বিনিয়োগ অগ্রাধিকার, মুজিববর্ষে বিডার অঙ্গীকার

বিডা'র ওএসএস অনলাইনে লগ ইন করুন, একটি জানালা হতে সেবা গ্রহণ করুন

- বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (OSS) -এর মাধ্যমে বিনিয়োগ-কারীগণ প্রয়োজনীয় সকল সেবা একটি জানালা দিয়ে যে কোন স্থান হতে অনলাইনে পেতে পারেন।
- বিডা'র ওএসএস অনলাইনে লগ ইন করে নিম্নে উল্লিখিত সেবা গ্রহণের জন্য আবেদন দাখিল করা যাবে। এ জন্য প্রতিটি প্রতিষ্ঠানের অনলাইনে লগ ইন বা সরাসরি সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানে যাওয়ার প্রয়োজন নেই।
- বিডা'র ওএসএস অনলাইনে লগ ইন করে সেবা নিন- আপনার মূল্যবান সময় ও অর্থ সাশ্রয় করুন এবং বিভিন্ন সেবাপ্রদানকারীর অফিসে যাওয়া হতে মুক্ত থাকুন।
- বিডা'র ওয়ান স্টপ সার্ভিসের জন্য সরাসরি <http://bidaquickerv.org/> লিংক-এর মাধ্যমে অথবা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর ওয়েবসাইট/পোর্টাল (<http://bida.gov.bd>) এর OSS-এ লগ ইন করে অনলাইনে নিম্নবর্ণিত সেবা গ্রহণ করা যায়:

ক্রম	প্রতিষ্ঠানের নাম	সেবার নাম
১	যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর	(১) নামের ছাড়পত্র (২) কোম্পানি নিবন্ধন (৩) ব্রাঞ্চ/লিয়াজে অফিস অনুমোদন
২	জাতীয় রাজস্ব বোর্ড	(১) ই-টিআইএন (২) ই-বিআইএন
৩	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ	(১) ভূমি ব্যবহার ছাড়পত্র, (২) নির্মাণ অনুমোদন, (৩) বিশেষ প্রকল্প ছাড়পত্র
৪	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	ই-ট্রেড লাইসেন্স
৫	সুরক্ষা সেবা বিভাগ	বিদেশি প্রকর্মীদের নিরাপত্তা ছাড়পত্র
৬	সোনালী ব্যাংক লিমিটেড	অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি প্রদান
৭	নির্বাচন কমিশন সচিবালয়	আবেদনকারীদের জাতীয় পরিচয়পত্র যাচাই
৮	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর	আমদানি সনদ
৯	পরিবেশ অধিদপ্তর	(১) সাইট ক্লিয়ারেন্স (সবুজ), (২) সাইট ক্লিয়ারেন্স (কমলা-ক), (৩) সাইট ক্লিয়ারেন্স (কমলা-খ), (৪) সাইট ক্লিয়ারেন্স (লাল), (৫) পরিবেশ ছাড়পত্র (সবুজ), (৬) পরিবেশ ছাড়পত্র (কমলা-ক), (৭) পরিবেশ ছাড়পত্র (কমলা-খ), (৮) পরিবেশ ছাড়পত্র (লাল), (৯) পরিবেশ ছাড়পত্র নবায়ন (সবুজ), (১০) পরিবেশ ছাড়পত্র নবায়ন (কমলা-ক), (১১) পরিবেশ ছাড়পত্র নবায়ন (কমলা-খ), (১২) পরিবেশ ছাড়পত্র নবায়ন (লাল), (১৩) ইআইএ অনুমোদন, (১৪) টিওআর অনুমোদন, (১৫) জিরো ডিসচার্জ অনুমোদন।
১০	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	শিল্প বিদ্যুৎ সংযোগ
১১	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড	শিল্প বিদ্যুৎ সংযোগ
১২	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি	শিল্প বিদ্যুৎ সংযোগ
১৩	নর্দান ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি	শিল্প বিদ্যুৎ সংযোগ
১৪	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি	শিল্প বিদ্যুৎ সংযোগ
১৫	পল্লী বিদ্যুতায়ন বোর্ড	শিল্প বিদ্যুৎ সংযোগ
১৬	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)	(১) প্রকল্প অনুমোদন, (২) প্রকল্প সংশোধন, (৩) ব্রাঞ্চ/ লিয়াজে/ রিপ্রেজেন্টেটিভ অফিস অনুমোদন, (৪) রেমিট্যান্স প্রেরণ সংক্রান্ত বিষয়, (৫) ১ম এডহক শিল্প আমদানি নিবন্ধনের সুপারিশ (৬) ২য় এডহক শিল্প আমদানি নিবন্ধনের সুপারিশ, (৭) ভিসা সুপারিশ, (৮) ভিসা সুপারিশ (সংশোধন), (৯) ভিসা অন এরাইভাল, (১০) ভিসা অন এরাইভাল (সংশোধন), (১১) কর্মানুমতি, (১২) কর্মানুমতি (বৃদ্ধি), (১৩) কর্মানুমতি (সংশোধন), (১৪) কর্মানুমতি (বাতিল), (১৫) বৈদেশিক বাণিজ্য অফিস খোলার অনুমতি (নতুন), (১৬) বৈদেশিক বাণিজ্য অফিস খোলার অনুমতি (সংশোধন), (১৭) বৈদেশিক বাণিজ্য অফিস খোলার অনুমতি (বাতিল) এবং (১৮) বৈদেশিক বাণিজ্য অফিস খোলার অনুমতি (নবায়ন/বর্ধিতকরণ)।

আসুন, বিডা'র ওয়ান স্টপ সার্ভিসের এক জানালা হতে বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় সেবা গ্রহণ করি এবং বাংলাদেশে দেশি-বিদেশি বিনিয়োগের অব্যাহত সুযোগ সম্ভাবনাকে কাজে লাগাই।

নির্বাহী চেয়ারম্যান

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)

জি-১৯৫০/১১ (১০x৪)

স্থান :- বাংলাদেশ প্রতিনিধি, তারিখ :- ২৬ সেপ্টেম্বর, ২০২৩খ্রিঃ